

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৮.১৯-০৬

তারিখঃ ০২/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ-ইটিএল/এলইডি/জিডি-৫/২০১৮-২০১৯; তারিখঃ ২২/১১/২০১৮ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আদর্শ দরপত্র দলিল (PW 3) এর Section 5 (Forms) এ অন্তর্ভুক্ত JV Partner Information (Form PW3-3) এর অনুঃ ২ এ Joint Venture এর প্রত্যেক অংশীদার কর্তৃক প্রস্তাবিত কাজের অংশ ও বিবরণ উল্লেখ করতে হয়। অতঃপর চুক্তি বাস্তবায়ন শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের জন্য আদর্শ দরপত্র দলিল, PW3 তে সন্নিবেশিত ফরম্যাট (সংযুক্ত) অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে ক্রয়কারী কর্তৃক Completion Certificate ইস্যু করা হয়। যৌথ-উদ্যোগের আওতায় কাজ বাস্তবায়িত হলে Completion Certificate এর “Details of works completed” শীর্ষক সংযুক্তিতে অংশীদার ভিত্তিক Components/Activities ও Value ওয়ারী আলাদাভাবে দেখাতে হয়।

০২। বিবেচ্য পত্রে সংযুক্ত Certificate of satisfactory completion of E/M works সনদটি পর্যালোচনায় দেখা যায় এটি আদর্শ দরপত্র দলিল (PW3) এ সন্নিবেশিত Completion Certificate এর প্রযোজ্য ফরম্যাট অনুযায়ী (সংযুক্ত) ইস্যু করা হয়নি। ফলে যৌথ-উদ্যোগের আওতায় বাস্তবায়িত উক্ত কাজের অংশীদার ভিত্তিক সম্পাদিত অংশ (Components/Activities) সহ অন্যান্য আবশ্যিকীয় তথ্যাদি সনদে অনুলিখিত রয়ে গেছে। এ অবস্থায় উক্ত সনদের গ্রহণযোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার দরপত্র মূল্যায়ন কমিটির।

০৩। বিবেচ্য পত্রের জবাবে আরো জানানো যাচ্ছে যে, পণ্য বা কার্য ক্রয় বাস্তবায়নে অর্জিত অভিজ্ঞতা স্ব-স্ব ক্ষেত্রেই প্রযোজ্য। অর্থাৎ কার্য বাস্তবায়নের অভিজ্ঞতাকে পণ্য সরবরাহের অভিজ্ঞতা বা বিপরীতক্রমে পণ্য সরবরাহের অভিজ্ঞতাকে কার্য বাস্তবায়নের অভিজ্ঞতা হিসেবে গণ্য করার সুযোগ নেই। আরও উল্লেখ্য, পিপিআর, ২০০৮ এর বিধি ৫৪(১) অনুযায়ী পণ্য ক্রয়ের ক্ষেত্রে যৌথ-উদ্যোগ গঠনের কোন সংস্থান নেই। ফলে পণ্য ক্রয় চুক্তি বাস্তবায়নে যৌথ-উদ্যোগের অর্জিত অভিজ্ঞতা বিবেচনারও কোন সুযোগ নেই। আদর্শ দরপত্র দলিল এর ITT (Section 1) এবং TDS (Section 2) এর Qualification Criteria তে এ বিষয়ে বিশদ নির্দেশনা রয়েছে।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক
ইস্টার্ন টিউব লিমিটেড
এলইডি লাইট (সিকিডি) এ্যাসেমব্লিং প্ল্যান্ট ইন ইটিএল
ও
ব্যবস্থাপনা পরিচালক, ইটিএল
৩৭৪, তেজগাঁও বাণিজ্যিক এলাকা
ঢাকা-১২০৮।


মোসাম্মা হাবিব
উপপরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০০

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।